গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
সংস্থাপন শাখা
www.dhaka.gov.bd

নম্বর: ০৫.৪১.২৬০০.০০৮.৫১.১২৯.১১-

তারিখ: শ্রাবণ ১৪৩৩ / আগস্ট ২০২৬

অফিস আদেশ

যেহেতু, জনাব জয়নুল আবেদীন তারেক, প্রাক্তন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেরাণীগঞ্জ, ঢাকায় কর্মরত থাকাকালীন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ০২/০১/২০০৯ হতে ২৯/০৮/২০১০ তারিখ পর্যন্ত কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তাকে এ কার্যালয়ের স্মারক নম্বর: জেপ্রঢা/প্রতি-৫-৫/০৫-২০৮ (৪০); তারিখ: ০২/০৪/২০০৯ পত্রমূলে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেরাণীগঞ্জ, ঢাকা হতে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকায় বিচার শাখায় বদলি করা হয়। উক্ত বদলির আদেশের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেরাণীগঞ্জ, ঢাকা হতে ০২/১১/২০১০ তারিখ অপরাহ্নে অবমুক্ত করা হলেও বদলি ও অবমুক্তির প্রেক্ষিতে এ কার্যালয়ের বিচার শাখায় যোগদান করেননি এবং কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অফিসে অনুপস্থিত থাকেন এবং দীর্ঘকাল বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির ফলে সরকারি দাপ্তরিক কাজে চরম ক্ষতিসাধিত হয়;

০২। যেহেতু, তার বিরুদ্ধে এ কার্যালয়ের স্মারক নং-০৫.৪১.২৬০০.০০৮.৫১.১২৯.১১-৯৪৯ (সং); তারিখ ২৬/১২/২০১২ পত্রমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও (সি) নং বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "বিনাঅনুমতিতে কর্মস্থল ত্যাগ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়, উক্ত বিধিমালা অনুযায়ী কেন "চাকুরি হতে বরখাস্ত" করা হবে না অথবা বর্ণিত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত দন্ড প্রদান করা হবে না তা একই বিধিমালার ৭ (১) (বি) নং বিধি অনুযায়ী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হয়। আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তা নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হয়, কিন্তু কোন জবাব দাখিল করেননি;

০৩। যেহেতু, তার বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদন্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি থাকায় ন্যায় বিচারের স্বার্থে এ কার্যালয়ের নং: ০৫.৪১.২৬০০.০০৮.৫১.১২৯.১১-৭৩ (৭); তারিখ: ২৭/০৫/২০২৫ খ্রি. অফিস আদেশমূলে বিভাগীয় মামলাটি তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ঘ) নং বিধি অনুযায়ী জনাব মোঃ আঃ হালিম, ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকাকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা ইউ.ও নোট নম্বর: ০৫.৪১.২৬০০.০৪০.১৮.০০২.২৪-২৮০; তারিখ: ০৬/০৮/২০২৫ পত্রমূলে নিম্নোক্ত মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন:

মতামত: জনাব জয়নুল আবেদীন তারেক, প্রাক্তন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেরাণীগঞ্জ, ঢাকার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) নং বিধি অনুযায়ী অসদাচরণ ও বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগের আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে।

০৪। যেহেতু, জনাব জয়নুল আবেদীন তারেক, প্রাক্তন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেরাণীগঞ্জ, ঢাকার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) নং বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয় এবং তাকে একই বিধিমালার ৪ (৩) (ঘ) নং বিধি অনুযায়ী চাকরি হতে বরখাস্ত করণের গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় এ কার্যালয়ের নম্বর: ০৫.৪১.২৬০০.০০৮.৫১.১২৯.১১-২৫০ (সং); তারিখ: ১৩/১১/২০২৬ পত্রমূলে কেন তাকে চাকরি হতে বরখাস্তকরণের গুরুদন্ড প্রদান করা হবে না সে বিষয়ে "দ্বিতীয় কারণ দর্শানো" নোটিশ প্রেরণ করা হয়; কিন্তু তিনি কোন জবাব দাখিল করেননি।

০৫। যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) নং বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি গুরুদন্ড পাওয়ার যোগ্য;



CamScanner

০৬। সেহেতু, জনাব জয়নুল আবেদীন তারেক, প্রাক্তন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেরাণীগঞ্জ, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(৩)(ঘ) নং বিধি অনুযায়ী "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদন্ড প্রদান করা হলো।

স্বাক্ষরিত/-
ফরিদা খানম
জেলা প্রশাসক
ঢাকা।
ফোন: ০২-২২৩৩৮৯৭৮৬
ইমেইল: dcdhaka@mopa.gov.bd

নম্বর: ০৫.৪১.২৬০০.০০৮.৫১.১২৯.১১- 282 (২০০)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ / 02 আগস্ট ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা;
০৩। বিভাগীয় কমিশনার (সকল);
০৪। জেলা প্রশাসক (সকল);
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা;
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা;
০৭। সার্কেল অফিসার, তেজগাঁও উন্নয়ন সার্কেল, ঢাকা;
০৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা;
০৯। এনডিসি/আরডিসি/জিসিও/এলএও/ট্রেজারী অফিসার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা;
১০। সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার,.......................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা;
১১। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা;
১২। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (জেলা ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
১৩। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা;
১৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
১৫। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, কেরাণীগঞ্জ, ঢাকা;
১৬। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা;
১৭। জনাব জয়নুল আবেদীন তারেক, প্রাক্তন অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কেরাণীগঞ্জ, ঢাকা, ঠিকানা: (১) ১২ নং জুরিয়াটুলী লেন (নীচ তলা), বনগ্রাম, ওয়ারী, ঢাকা, (২) ৪, শ্রীশদাস লেন, বাংলাবাজার, ঢাকা-১১০০, মোবাইল নম্বর: ০১৭১২১০৪৩০৩।

02.08.2026
জেলা প্রশাসক
ঢাকা।

CamScanner